

## 🔳 আল-আন'আম | Al-An'am | ٱلْأَنْعَام

আয়াতঃ ৬: ১৩২

## আরবি মূল আয়াত:

## وَ لِكُلٍّ دَرَجْتُ مِّمَّا عَمِلُوا ؟ وَ مَا رَبُّكَ بِغَافِلٍ عَمَّا يَعمَلُونَ ﴿١٣٢﴾

## 🗚 অনুবাদসমূহ:

আর তারা যা করে, সে অনুসারে প্রত্যেকের মর্যাদা রয়েছে এবং তোমার রব তারা যা করে সে সম্পর্কে গাফিল নন। — আল-বায়ান

প্রত্যেককে তার 'আমাল অনুযায়ী মর্যাদা দেয়া হবে আর তারা যা করে সে ব্যাপারে তোমার প্রতিপালক বে-খবর নন। — তাইসিরুল

আর প্রত্যেক লোকই নিজ নিজ 'আমলের কারণে মর্যাদা লাভ করবে, তারা কি 'আমল করত সে বিষয়ে তোমার রাব্ব উদাসীন নন। — মুজিবুর রহমান

And for all are degrees from what they have done. And your Lord is not unaware of what they do. — Sahih International

১৩২. আর তারা যা আমল করে, সে অনুসারে প্রত্যেকের মর্যাদা রয়েছে এবং তারা যা করে সে সম্বন্ধে আপনার রব গাফেল নন।

তাফসীরে জাকারিয়া

- (১৩২) প্রত্যেকে যা করে তদনুসারে তার মর্যাদা রয়েছে এবং ওরা যা করে, সে সম্বন্ধে তোমার প্রতিপালক অনবহিত নন। [1]
  - [1] অর্থাৎ, প্রত্যেক মানুষ ও জ্বিনের নিজ নিজ আমল অনুযায়ী পারস্পরিক মর্যাদায় তারতম্য হবে। এ থেকে এ কথাও জানা গেল যে, জ্বিনরাও মানুষদের মত জান্নাতী ও জাহান্নামী হবে।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=921

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন